গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
www.dme.gov.bd
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০২৫.১৮.৬১৪

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫
১৯ নভেম্বর ২০১৮

বিষয়: **চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন আশরাফপুর গনিয়া ইসলামিয়া ফাযিল মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (১)আশরাফপুর গনিয়া ইসলামিয়া ফাযিল মাদরাসার স্মারক নং- জি আই মা/ শিক নিয়োগ/৪৭/২০০১/২৫ তারিখ:১৪.০৭.২০১৮ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪) তারিখ:০৯.০৯.২০১৫খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,সূত্রোস্থ (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোস্থ (২)নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নেবর্ণিত মাদরাসায় ''সহকারী লাইব্রেরীয়ান ও এম.এল.এস.এস'' পদে নিয়োগের লক্ষে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক(প্রশিক্ষণ ও উন্নয়ন)-কে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিয়োগের বিষয়/পদ | প্রতিনিধির নাম |
|---|---|---|---|
| ০১. | আশরাফপুর গনিয়া ইসলামিয়া ফাযিল মাদরাসা, কচুয়া, চাঁদপুর। মোবা: নং-০১৭১১-০৭৩৬০৭ | ০১. সহকারী লাইব্রেরীয়ান- ০১টি ০২.এম.এল.এস.এস- ০১টি | মোহাম্মাদ জাহাঙ্গীর আলম উপ-পরিচালক(প্রশিক্ষণ ও উন্নয়ন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা। ০১৭১৮-০৯৬০৫৮ |

শর্তাবলীঃ

(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

(৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্যঅন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শুন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি,সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

(৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামোসংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

(৫) মহিলা কোটা পুরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঙ্খানুপুঙ্খরুপে অনুসরণ করতে হবে।

(৬) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৭) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।

(৮) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৯) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরুপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) "নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে" শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

(১১) এ নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত পর্বের প্রার্থী বহাল থাকবে।

০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

১৯-১১-২০১৮
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক(প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০২৫.১৮.৬১৪/১(৫)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫
১৯ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) অধ্যক্ষ, আশরাফপুর গনিয়া ইসলামিয়া ফাযিল মাদরাসা, ডাক: আশরাফপুর, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।
৩) জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কচুয়া, চাঁদপুর।
৫) অফিস, কপি

১৯-১১-২০১৮
মোঃ আফাজ উদ্দিন